

## অধ্যক্ষের বাণী



নাসিরকোট শহীদ স্মৃতি কলেজ ভিন্ন দেশ প্রেমিক মাত্রায় পরম দরদের সাথে প্রতিষ্ঠিত একটি ব্যতিক্রমী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। এই কলেজ ক্যাম্পাসে চরম সক্তি ও শান্তির সাথে শুয়ে আছেন একান্তরের মহান মুক্তিযুদ্ধের ০৯জন বীর শহীদ মুক্তিযোদ্ধা। সম্ভবত দেশের কোন কলেজপ্রাঙ্গণে একসাথে ০৯ জন শহীদ মুক্তিযোদ্ধার সমাধি নেই; সমাধিস্থলও নেই। শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সহকর্মীদের ঐকান্তিক হৃদয় নিংড়ানো শ্রদ্ধা, ভক্তি, ভালবাসা এবং হৃদয়ের মহত্বের নির্দশন এই কলেজ। মুক্তিযোদ্ধাদের পাশাপাশি এই এলাকার মুক্তমনা মুক্তিযুদ্ধের চেতনা ধর্মী মানুষদের সম্মিলিত প্রচেষ্টায় ১৯৭৩ সালে কলেজটি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত একটি ডিগ্রি কলেজ। আগামীতে এই কলেজে অনার্স, মাস্টার্স কোর্স চালু করা, কারিগরি শিক্ষা বোর্ডেও অধীনে বিভিন্ন কর্মমুখী ট্রেড চালু কওে শিক্ষার্থীদের দেশদরদি এবং দেশ প্রেমিক মানুষ হিসেবে গড়ে তুলতে প্রচেষ্টা অব্যাহত থাকবে। দীর্ঘদিন যাবৎ মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী শক্তি ক্ষমতায় থাকার কারণে কলেজটি ভালবাসার ছোঁয়া থেকে পিছিয়ে পড়েছিল। বর্তমান সরকার এবং গভর্নিং বডির সচেতন সদস্যদের আন্তরিকতায় কলেজটি এগিয়ে যাচ্ছে কর্মরত শিক্ষক-কর্মচারীদের হাতধরে। এই কলেজটি আগামীতে পরিণত হবে দেশের একটি নন্দিত শিক্ষা প্রতিষ্ঠানে; এই আশাবাদ আমাদের সকলের।



### # অধ্যক্ষ পরিচিতিঃ

প্রফেসর মোঃ হামিদুল হক মুন্সী। বাংলাদেশের সন্তান; বাঙ্গালি। চুয়াডাঙ্গায় বাড়ি। উচ্চ মাধ্যমিক শ্রেণি পর্যন্ত চুয়াডাঙ্গাতেই পড়েছেন। রাজশাহী বিশ্ববিদ্যালয় হ'তে বাংলায় পাস করার পর কলেজ শিক্ষকতায় যুক্ত হন। চুয়াডাঙ্গা পৌর কলেজে প্রভাষক ছিলেন। ১৯৯০ সাল হতে বিভিন্ন কলেজে অধ্যক্ষ হিসেবে কাজ করেছেন। নড়াইল আব্দুল হাই কলেজ, উল্লা পাড়া বিজ্ঞান কলেজ, মির্জাপুর কলেজ, সুজাতপুর কলেজ, সিরাজগঞ্জ পুলিশ লাইন্স কলেজ ঘুওে বর্তমানে নাসিরকোট শহীদ স্মৃতি কলেজে কর্মরত। উল্লাপাড়ার মোমেনা আলী বিজ্ঞান স্কুল এবং সিরাজগঞ্জ পুলিশ লাইন্স স্কুল-এর তিনি প্রতিষ্ঠাতা ও প্রতিষ্ঠানপ্রধান। পেশাগত গবেষণা ধর্মগ্রন্থসহ তাঁর প্রকাশিত গ্রন্থেও সংখ্যা ২৬ টি। পেশাগত দক্ষতার কারণে তিনি ইতোমধ্যে ১৮টি বিভিন্ন পদক সম্মাননা ও পুরস্কার পেয়েছেন। বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি, রেড ক্রিসেন্ট সোসাইটি, ইতিহাস পরিষদসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের তিনি আজীবন সদস্য। নিয়েয়ার, নায়েম, বিয়াম, এইচটিটিআই ও স্কাউটসহ'তে তিনি শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত।